# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১০৩

৩২/ ফারাইয (كتاب الفرائض عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পিতামহীর মীরাছ।

باب ما جاء في ميراث الجدة

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا سُفْيَانُ، حَدَّثَنَا الزُّهْرِيُّ، قَالَ مَرَّةً قَالَ قَبِيصَةُ وَقَالَ مَرَّةً رَجُلٌ عَنْ قَبِيصَةَ بْنِ ذُؤَيْبٍ قَالَ جَاءَتِ الْجَدَّةُ أُمُّ الأُمِّ أَوْ أُمُّ الأَبِ إِلَى أَبِي بَكْرٍ فَقَالَتْ إِنَّ ابْنَ ابْنِي أَوِ ابْنَ بِنْتِي مَاتَ وَقَدْ أُخْبِرْتُ أَنَّ لِي فِي كِتَابِ اللَّهِ حَقًّا . فَقَالَ أَبُو بَكْرٍ مَا أَجِدُ لَكِ فِي الْكِتَابِ مِنْ حَقٍّ وَمَا سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَضَى لَكِ بِشَيْءٍ وَسَأَسْأَلُ النَّاسَ . قَالَ فَسَأَلَ فَشَهِدَ الْمُغِيرَةُ بْنُ شُعْبَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم أَعْطَاهَا السُّدُسَ . قَالَ وَمَنْ سَمِعَ ذَلِكَ مَعَكَ قَالَ مُحَمَّدُ بْنُ مَسْلَمَةَ . قَالَ فَأَعْطَاهَا السُّدُسَ ثُمَّ جَاءَتِ الْجَدَّةُ الأُخْرَى الَّتِي تُخَالِفُهَا إِلَى عُمَرَ . قَالَ سُفْيَانُ وَزَادَنِي فِيهِ مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ وَلَمْ أَحْفَظْهُ عَنِ الزُّهْرِيِّ وَلَكِنْ حَفِظْتُهُ مِنْ مَعْمَرٍ أَنَّ عُمَرَ قَالَ إِنِ اجْتَمَعْتُمَا فَهُوَ لَكُمَا وَأَيَّتُكُمَا انْفَرَدَتْ بِهِ فَهُوَ لَهَا .

বাংলা

২১০৩. ইবন আবূ উমার (রহঃ) ..... কাবীসা ইবন যুআয়ব (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ এক জাদ্দা অর্থাৎ মাতামহী বা পিতামহী আবূ বকর রাদিয়াল্লাহু আনহু-এর কাছে এসে বললঃ আমার পৌত্র বা দৌহিত্র মারা গেছে। আমি শুনেছি যে, আল্লাহর কিতাবে আমার জন্য তাতে হক দেওয়া হয়েছে। আবূ বকর রাদিয়াল্লাহু আনহু বললেনঃ আল্লাহর কিতাবে এ বিষয়ে তোমার কোন হক পাচ্ছি না আর তোমার পক্ষে কোন ফায়সালা দিতেও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে কিছু আমি শুনিনি। তবে আমি শীঘ্রই সাহাবীগণের নিকট এ বিষয়ে জিজ্ঞাসা করব। পরে মুগীরা ইবন শু’বা সাক্ষ্য দেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ ক্ষেত্রে এক ষষ্ঠামাংশ দিয়েছেন। আবূ বকর রাদিয়াল্লাহু আনহু বললেনঃ তোমার সঙ্গে আর কে এ বিষয়টি শুনেছেন? মুগীরা রাদিয়াল্লাহু আনহু বললেনঃ মুহাম্মদ ইবন মাসলামা। তখন আবূ বকর রাদিয়াল্লাহু আনহু তাকে এক সষ্ঠামাংশ প্রদানের নির্দেশ দিলেন। এরপর এর বিপরীত অন্য এক জাদ্দা উমার রাদিয়াল্লাহু আনহু-এর কাছে এল। তিনি তাকে বললেনঃ তোমরা যদি দুজনও (একাধিক জন) এতে একত্রিত হও তবে ঐ পরিমানই তোমাদের হবে। আর যদি

একজন হয় তবু ঐ পরিমানই তার হবে। যঈফ, ইরওয়া ১৬৮০, যইফ আবু দাউদ ৪৯৭, তিরমিজী হাদিস নম্বরঃ ২১০০ [আল মাদানী প্রকাশনী]

## English

Qabisah bin Dhuw'aib said:
"A grandmother - the mother of a mother, or the mother of a father - came to Abu Bakr and she said: 'a son of my son' - or, 'a son of my daughter died, and I have been informed that there is a right ( from the wealth) for me in the Book.' So Abu Bakr said: 'I do not find that there is a right for you in the Book, and I haven't heard that the Messenger of Allah(S.A.W) judged anything for you. I shall ask the people.' So, Al-Mughirah bin Shu'bah testified that the Messenger of Allah(S.A.W) gave her (case) a sixth. He said: 'And who heard that along with you?' He said: 'Muhammad bin Maslamah." He said: "So he gave her a sixth. Then the other grandmother who was left behind came to 'Umar." Sufyan said: "And Ma'mar said to me in addition, from Az-Zuhri - and I do not remember it to be from A-Zuhri, rather I remember it to be from Ma'mar - that 'Umar said: 'If the two of you are together then it is for both of you, and whichever of you is alone with it (the sixth), then it is for her.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ কাবীসা ইবন যুআয়ব (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37458

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন